sasrai

Sustainable augmentation, Solicited restraint, animated integrity

বাসযোগ্য বিশ্বের জন্য একটুকু বাঁচাই, আগলে রাখি, জাগিয়ে তুলি, সংরক্ষণ করি

aimed at sustainable living, environmental justice, habitable earth

**Ref:.........................** **Date: 07. 02. 2015**

মাননীয়

চেয়ারম্যান

বেপজা, ঢাকা।

**বিষয়: ইপিজেড এলাকার শিল্প শ্রমিকদের মাঝে 'সাশ্রয়' উপস্থাপনার নিমিত্ত সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে**

মহোদয়

২০০৪ সাল থেকে স্বেচ্ছাসেবার ভিত্তিতে পরিচালিত 'সাশ্রয়' আন্দোলনের স্বেচ্ছাসেবকদের পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন। মানব ইতিহাসে এই-ই প্রথম ভোগ ও লোভোন্মত্ত হয়ে মানুষ নিজের ও তার আবাসস্থল পৃথিবীর অস্থিত্বকে হুমকির সম্মুখীন করেছে। ভোগোন্মাদ হয়ে মানুষ জ্বালানির ব্যবহার বাড়াচ্ছে ফলে গ্রীণহাউস গ্যাস নির্গমন ক্রমাগতই বাড়ছে। উত্তপ্ত হচ্ছে পৃথিবী, গলছে বরফ, উঁচু হচ্ছে সাগরের পানির স্তর। পৃথিবীকে আমারা অপূরণীয় ক্ষতি ও দুর্যোগের দিকে ঠেলে দিচ্ছি, জীব-বৈচিত্র ধ্বংস করছি এবং সিংহভাগ মানুষের জীবন জীবিকাকে দিনান্তে বিপদ-সঙ্কুল করছি। বিশেষজ্ঞগণ বলছেন জলবায়ু পরিবর্তনের বিভিন্ন ক্ষতিকর দিক আমলে না নিলেও সত্য এই যে, পৃথিবীতে দুর্যোগের ভয়াবহতা ও সংখ্যা নিরন্তর বাড়ছে এবং ক্রমেই বাড়বে। জাতি, ধর্ম নির্বিশেষে বিশ্বের সকল শ্রেণী ও পেশার মানুষের দুর্ভোগ ও অসহায়ত্ব চরমতম হবে। দরিদ্রজনরা আরও বেশী অসহায় হবে, চরমতম অসহায়ত্ব মানুষকে বেপরোয়া করে ফেলবে, বোপরোয়া মানুষ সকল নিয়ম-কানুন ভেঙ্গে এমন এক নৈরাজ্যকর অবস্থার জন্ম দেবে যা ধনী-দরিদ্র সবাইকেই অবর্ণনীয় ভোগান্তিতে ঠেলে দেবে। বিপদের ভয়াবহতা ও অসহায়ত্ব থেকে রক্ষা পেতে হলে আমাদের প্রস্তুতি দরকার এবং তা এখনই। বিশ্বকে বাসযোগ্য রাখতে হলে আমাদের প্রথম ও প্রধান করণীয় সকলের ভেতরে ভোগের আসক্তি কমানো, পরিমিতি বোধ আনয়ন, যত ক্ষুদ্রই হউক যাবতীয় সম্পদের অপচয় রোধ করা। আমরা সকলে স্ব স্ব ক্ষেত্রে একটু সজাগ হলেই প্রতিদিন কোটি কোটি টাকার সম্পদের অপচয় রোধ করতে পারি, যা আমাদের দৈনন্দিন খরচের পরিমান যেমন কমাবে সাথে সাথে আমাদের সন্তানের জন্য বিশ্বকে বাসযোগ্য রাখতে সহায়তা করবে।

The National Oceanic and Atmospheric Administration (NOAA) announced that 2012 was the hottest year on record for the United States. It was also the second most extreme, weather-wise, and nearly twice the average. NOAA confirmed that this pattern will worsen if climate change continues unabated. IPS - Special Issue on COP18 Doha Climate Change Conference 29 Nov, Dec 07, 2012 - stated that unsustainable human consumption and production systems are driving changes in average temperatures and weather patterns, "abnormal" is increasingly becoming the norm.

**48/A 2nd Floor, Joynagar first Lane, Chawkbazar, Chittagong, Bangladesh**
**Phone: +8801553748354, 0312855382**
**Email: fgaleeb@yahoo.com, fgaleeb@gmail.com**

save a bit, reserve, preserve, rejuvenate and conserve resources
work locally-serve globally, initiative local-outcome global

sasrai

Sustainable augmentation, Solicited restraint, animated integrity

**বাসযোগ্য বিশ্বের জন্য একটুকু বাঁচাই, আগলে রাখি, জাগিয়ে তুলি, সংরক্ষণ করি**

**aimed at sustainable living, environmental justice, habitable earth**

সাশ্রয়

**Ref:.........................** **Date: 07. 02. 2015**

আমরা সকলেই জানি, বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে বেশী দুর্যোগ ও ঝুঁকিপুর্ণ,দেশ। দুর্যোগের করাল গ্রাস থেকে নিজেদের ও ভবিষ্যৎ বংশধরদের বাঁচাতে প্রয়োজন সম্মিলিত ও সমন্বিত উদ্যোগ। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে জাতির ও বিশ্বের সর্বস্ড়রের সকলকেই 'সাশ্রয়' উদ্যোগের সাথে সম্পৃক্ত করতে হবে। দুর্যোগের কারণ ও করণীয় সম্পর্কে সকলকে সম্যক ধারণা দিতে হবে। জলাবদ্ধতা, অপরিচ্ছন্নতা ইত্যাদির জন্য নির্দিষ্ট সংস্থাকে আমরা সকলেই দোষারোপ করে থাকি কিন্তু আমরা কেউই নিজের নাগরিক দায়িত্বটুকু পালন করি না। কারখানাসমুহে যথাযথভাবে 'সাশ্রয়' ধারণা উপস্থাপিত হলে দেশের বেশীরভাগ মানুষ স্ব স্ব অবস্থানে পরিবেশ সুরক্ষায় সচেতন হবে, সাশ্রয়ী হবে। ফলে প্রতিদিন কোটি কোটি লিটার পানি, কোটি কোটি মিনিট বিদ্যুৎ, গ্যাস সহ যাবতীয় সম্পদের সাশ্রয় হবে, সবারই আর্থিক লাভ যেমন হবে একই সাথে পরিবেশের বিচারে দেশ, জাতি ও মানবতার জন্য প্রতিদিন কয়েক হাজার কোটি টাকার কল্যাণ আসবে যা দারিদ্র বিমোচনে, দুর্যোগ, খরা, অতিবৃষ্টি, বন্যার ভয়াবহতা ও অসহায়ত্ব কমাতে ইতিবাচক ভুমিকা রাখবে।

বিশ্ব পরিবেশ দিবেসের **২০১৩ ও ২০১৪ সালের মূল প্রতিপাদ্য 'ভেবে চিন্তে খাই অপচয় কমাই' 'সবাই হবো সোচ্চার, সাগরের উচ্চতা বাড়াবো না আর'**। ২০০৪ সাল থেকে 'সাশ্রয়' আন্দোলন স্থানিক, জাতিক ও আন্তর্জাতিকভাবে আবেদন নিবেদন করছে সকল মানুষের শান্তি, অধিকার, মর্যাদা তথা পরিবেশ সমুন্নত রাখতে হলে প্রত্যেককেই যত ক্ষুদ্রই হউক দরিদ্রতম শিশু থেকে ধনী-দরিদ্র, জাতি, ধর্ম নির্বিশেষে সকলকেই যাবতীয় সম্পদ সাশ্রয়ে প্রতিটি মুহুর্ত দায়িত্বশীল হতে হবে। দেশ, জাতি তথা বিশ্ববাসীকে আসন্ন পরিবেশ বিপর্যয় ঝুঁকি থেকে রক্ষার কাজে শ্রমিকগণকে সম্পৃক্ত করার নিমিত্ত আমরা প্রতিটি প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক অনুমোদিত ও নির্ধারিত তারিখে ১০০ জন শ্রমিকের সাথে আলোচনার নিমিত্ত মাত্র ৪৫মিনিট সময় নেবো। মহাবিশ্বের সকল জীবের সার্বিক কল্যাণ, অধিকার ও মর্যাদা সমুন্নত রাখতে প্রত্যেক মানুষকে সাশ্রয়ী করার নিমিত্ত শ্রমিকসহ সংশ্লিষ্টদের মাঝে 'সাশ্রয়' ধারণা উপস্থাপনার জন্য আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি। যা বিশ্বব্যাপী পরিবেশ সংরক্ষণ কাজের ইতিহাসে মাইল ফলক হবে।

নিবেদক

এস, এম ফরিদ উদ্দীন আখতার

সেক্রেটারিয়েট ইনচার্জ

সাশ্রয়

**48/A 2nd Floor, Joynagar first Lane, Chawkbazar, Chittagong, Bangladesh**
**Phone: +8801553748354, 0312855382**
**Email: fgaleeb@yahoo.com, fgaleeb@gmail.com**

**save a bit, reserve, preserve, rejuvenate and conserve resources**

**work locally-serve globally, initiative local-outcome global**

sasrai

Sustainable augmentation, Solicited restraint, animated integrity

বাসযোগ্য বিশ্বের জন্য একটুকু বাঁচাই, আগলে রাখি, জাগিয়ে তুলি, সংরক্ষণ করি

aimed at sustainable living, environmental justice, habitable earth

সাশ্রয়

Ref:.......................... Date: 07. 02. 2015

সংযুক্তি: ০১

'সাশ্রয়' এর দুটো দিক দৃশ্যমান ও অদৃশ্যমান। দৃশ্যমান দিক সম্পদের অপচয় রোধ। অদৃশ্যমান দিক অনেক অনেক বড় তা হচ্ছে যে শিশু/মানুষ অপচয় রোধ করতে এগিয়ে আসবে সে দায়িত্ববান হবে পরিবেশের প্রতি তথা নিজের, পরিবারের, জাতির ও মানবতার প্রতি। এবং এ মুহূর্তে পৃথিবীর জন্য সবচেয়ে বেশী প্রার্থিত সম্পদ হচ্ছে দায়িত্ববান ও প্রতিশ্রুতিবদ্ধ যুবগোষ্টি। দায়িত্ব কর্তব্যজ্ঞান বিবর্জিত ভোগোন্মাদ যুবসমাজই বিশ্বব্যাপী যাবতীয় অসুন্দরের জন্ম দিচ্ছে যা সামাজিক, রাষ্ট্রিক ও বৈশ্বিক দুর্যোগ বলা যেত পারে। এই দুর্যোগ হতে বাঁচার জন্য সম্মিলিত ও সমন্বিত উদ্যোগ দরকার এখনই।

৫০০ জন শ্রমিক আছে এমন একটি শিক্ষা কারখানায় আমরা যদি 'সাশ্রয়' উপস্থাপন করি এবং প্রত্যেকে শুধু মাত্র মুখ ধোয়ার আচরণ পরিবর্তন করে তাহলে যে ফল আমরা পেতে পারি তার হিসাব হবে নিম্নরূপ-

০১। ট্যাপ ছেড়ে দেয়ার বদলে মগে পানি নিয়ে যদি মুখ ধোয় একবারে ৩ লিটার করে বাঁচলে প্রতিজনে দৈনিক কমকরে ১৫ লিটার আর ৫০০ জনে ৭৫০০ লিটার, আর তাদের পরিবারের ৫ জন করে যদি 'সাশ্রয়' এর আওতায় আসে তাহলে বাঁচবে ৩৭৫০০ লিটার। বর্তমানে আমরা সকলেই ১০ টাকায় ০১লিটার পানির বোতল কিনি তাহলে ৩৭৫০০ লিটারের দাম দাঁড়ায় তিনলক্ষ পঁচাত্তর হাজার টাকা। যদি আমরা ১০০ স্কুলে 'সাশ্রয়' উপস্থাপন করি তাহলে বাঁচে তিনকোটি পঁচাত্তর লক্ষ টাকা প্রতিদিন তাহলে মাসে আর বৎসরে কত টাকা 'সাশ্রয়' হবে? এখানে আমরা শুধু মুখ ধোয়ার পানির হিসাব করছি। মানুষ যথাযথভাবে তথ্য পেলে যাবতীয় কাজে যাবতীয় সম্পদের সাশ্রয় করতে উদ্যোগী হবে। শিশুরা কি কি সম্পদ 'সাশ্রয়' করবে বা করতে পারে নিজেরা বলতে থাকে। যদি আমরা সব শহরের সব স্কুলে 'সাশ্রয়' উপস্থাপন করতে পারি তাহলে দৈনিক কত টাকা 'সাশ্রয়' হবে বা অপচয় রোধ হবে সে হিসাব বিজ্ঞ অর্থনীতিবিদগণই করবেন।

০২। মাথাপিছু ১ মিনিট বিদ্যুৎ বাঁচলে ৫০০ মিনিট, আর পরিবার মিলে করলে ২৫০০ মিনিট
০৩। গ্যাস যদি বাঁচায় দুই বার্নারে মিলে ১০০০ মিনিট
০৪। যদি সকলে সপ্তাহে একদিনের ফাস্টফুড ছেড়ে দেয় কমপক্ষে ২০ টাকা করে ১০,০০০/- টাকা
০৫। যদি একদিনের রিকশার পরিবর্তে হেঁটে যায় ২০টাকা করে ১০০০০ টাকা
০৬। যদি মোবাইল ফোনে অপ্রয়োজনীয় কথা বন্ধ করে তাতে বাঁচতে পারে ৫ টাকা করে ২৫০০/- টাকা
০৭। যদি সকলে শহরে কঠিন বর্জ্য ফেলা বন্ধ করে ?
০৮। যদি সকলে ঈদ বা পুঁজা পার্বনে বাহুল্য খরচ বাদ দেয় মাথা পিছু 'সাশ্রয়' হতে পারে ২০০০/- টাকা করে দশলক্ষ
০৯। যদি শহরের সকলে সপ্তাহে এক দিন ব্যক্তিগত গাড়ী ব্যবহার ছেড়ে দেয়।
১০। যদি সকলে বাজার থেকে স্বাস্থ্য হানিকর পানীয় কেনা বর্জন করে।
১১। যদি নামি দামি রেস্তোরায় গিয়ে খাওয়ার নামে অপচয় বন্ধ করি স্বাস্থ্য ও পারিবারিক সম্পর্ক উন্নত হবে
১২। যদি শহরের সকল মানুষ খাদ্য অপচয় বন্ধ করে
১৩। যদি প্রত্যেকে বাড়ীর ছাদে বা বাড়ীর আঙ্গিনায় একটি ঔষধি ও ফলজ গাছ বপন করি।
১৪। যদি সকলে ওয়ান টাইম বন্ধ করি এবং ভোগ ও বিলাসিতায় আসক্ত না হই
১৫। স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের ব্যবহার বাড়িয়ে স্বাস্থ্য, পরিবেশ ও অর্থনীতির সহায়তা করা হবে

48/A 2nd Floor, Joynagar first Lane, Chawkbazar, Chittagong, Bangladesh
Phone: +8801553748354, 0312855382
Email: fgaleeb@yahoo.com, fgaleeb@gmail.com

save a bit, reserve, preserve, rejuvenate and conserve resources
work locally-serve globally, initiative local-outcome global

**Ref:..........................** **Date: 07. 02. 2015**

১৬। ভ্রমনের জন্য রেলের ব্যবহার আমাদের খরচ কমাবে পরিবেশ রক্ষা করবে

১৭। শহরের ভেতরে ভ্রমনের জন্য সাইকেলের ব্যবহার স্বাস্থ্য ও পরিবেশ দুটোকেই ভাল রাখবে

১৮। আলাপে ল্যান্ডফোনের ব্যবহার অনেক বেশী সাশ্রয়ী হবে

১৯। উপহার হিসাবে দেশী ফলের ব্যবহার আমাদের পরিবেশ ও অর্থনীতি দুটোকেই চাঙ্গা করবে

স্যার, এর সাথে আমরা আরও কত কিছুই না যোগ করতে পারি। স্কুলের শিশুরা যে যে খাত বলে তার তালিকা অনেক অনেক বড়। আমরা জানি, মানি মানসিক ও আচরণিক পরিবর্তন আসতে সময় লাগবে। কিন্তু প্রক্রিয়া শুরু করতে হবে আজকেই, এখনই। প্রতিটি শিশুকে প্রতি অণু সম্পদের প্রতি দায়িত্ববান করে গড়ে তুলতে হবে। জীবনের শুরুতে শেখা পরিবেশের প্রতি দায়িত্ববোধ তাকে জীবনের সবক্ষেত্রে দায়িত্ববোধ করে যেমন গড়ে তুলবে সাথে ভোগ ও লোভোন্মাদ হতেও পিছুটান দেবে। এবং বর্তমান বিশ্বে ভোগ ও লোভোন্মাদনা কমানোই আমাদের সকলের প্রথম ও প্রধান করণীয় বলে আমি মনে করি। অন্যথায় আমরা বিশ্বকে বাসযোগ্য রাখতে পারবনা।

# 'সাশ্রয়' চর্চার অদৃশ্য উপকারিতা সমুহঃ

**০১.** প্রকৃতি থেকে সম্পদ আহরণ কমবে - প্রকৃতির ভঙ্গুরতা তথা দুর্যোগ প্রবণতা ও অস্থিরতা কমে আসবে, প্রকৃতি শান্ত থাকবে, পৃথিবীর স্থায়িত্ব বাড়বে

**০২.** জলবায়ু পরিবর্তন, বৈশ্বিক উষ্ণতা, দুর্যোগ তীব্রতা ও সংখ্যা কমে আসবে

**০৩.** বৈশ্বিক উষ্ণায়নের ফলে সৃষ্ট বিশ্বব্যাপী নানান জাতের দুর্যোগ, প্রাণহানি সম্পদ ও স্বাস্থ্যহানি কমে আসবে

**০৪.** মরুকরণ, দুর্যোগ, লবনাক্ততার ফলে সৃষ্ট গৃহহীন মানুষের সংখ্যা বাড়বেনা, উপরন্তু কমে আসবে

**০৫.** ছিন্নমুল ও বুভুক্ষরা বেপরোয়া হয়ে আইন শৃঙ্খলা ভেঙ্গে মানব সভ্যতাকে অস্থির করার সম্ভাবনা কমবে

**০৬.** পারিবারিক, সামাজিক, জাতিক ও আন্তর্জাতিক শান্তি-শৃঙ্খলার উন্নয়ন ঘটবে

**০৭.** স্বাস্থ্য উন্নয়ন ঘটবে ও স্বাস্থ্যখাতে ব্যয় কমবে ফলতঃ ব্যক্তিক উৎপাদন ক্ষমতা বেড়ে যাবে।

**০৮.** 'সাশ্রয়' চর্চাকরা মানুষ বা শিশুটি পরিবার, সমাজ, দেশ, জাতি ও মানবতার জন্য দায়িত্বশীল ভুমিকা পালন করবে।

**০৯.** বিশ্বব্যাপী 'সাশ্রয়' চর্চা হলে মানুষে মানুষে হানাহানি, মারামারি, হত্যা, দুর্নীতি কমে আসবে

**১০.** 'সাশ্রয়' চর্চাকরা প্রতিষ্ঠাণের ছাত্রছাত্রীরা মাতাপিতাকে নানান জাতের বিলাস ও অপ্রয়োজনীয় দ্রব্যাদি কিনতে বাধ্য করবেনা ফলে পারিবারিক, সামাজিক, আত্মিক, আধ্যাত্মিক ও আর্থিক উন্নয়ন ত্বরান্বিত হবে।

**১১.** ছাত্রছাত্রীরা অশুভ বিলাসী প্রতিযোগিতা থেকে নিজেদের বের করে সুস্থতা ও সৃষ্টিশীলতার চর্চা করবে

**১২.** শিশুরা আস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস থেকে বের হয়ে আসবে, ফলে পারিবারিক ব্যয় কমবে নানাভাবে

**১৩.** ওয়ানটাইম ব্যবহার কমার ফলে দৈনিক কঠিণ বর্জ্য কমবে পরিবেশের কল্যাণে যা অতীব প্রয়োজনীয়

**১৪.** সন্তান সন্ততিকে দামী বিলাস দ্রব্য কিনে দেবার জন্য মাতাপিতাকে চিন্তা/দুর্নীতিগ্রস্ত হতে হবেনা

**১৫.** অস্বাস্থ্যকর খাদ্য উৎপাদন ও বিপনন কমার ফলে পরিবেশ ও স্বাস্থ্য উন্নয়ন ঘটবে

**১৬.** স্বাস্থ্য খাতে পারিবাকি খরচ উল্লেখযোগ্যভাবে কমে আসবে

**১৭.** দৈনন্দিন বর্জ্য কমার ফলে নদী, সমুদ্র, জলাশয় তথা পরিবেশ দুষণ কমবে

**১৮.** 'সাশ্রয়' চেতনায় বেড়ে উঠা বা বাঁচা মানুষ পরিবারের, সমাজের, জাতির ও বিশ্বমানবতার তথা সকল জীবের ও পরিবেশের একান্ত আপনার জন হবে।

**48/A 2nd Floor, Joynagar first Lane, Chawkbazar, Chittagong, Bangladesh**
**Phone: +8801553748354, 0312855382**
**Email: fgaleeb@yahoo.com, fgaleeb@gmail.com**

Ref:..........................                                                                                    Date: 07. 02. 2015

১৯. 'সাশ্রয়' মানে সবুজ শ্যামলের সমারোহ সর্বাবস্থায় সুন্দরের ধ্যান, জ্ঞান ও চর্চা, সাধনা, চিন্ড়া সকলে মিলে সকলের নিরন্ড়র কল্যাণের প্রয়াস

সুপ্রিয় সুহৃদ

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি আপনারা সামান্যটুকু নজর দিলেই এর সাথে 'সাশ্রয়' এর আরও হাজারও উপকারিতা তুলে ধরতে পারবেন। আশাকরিছি আপনার সুবিবেচিত মতামত আমাদের চেতনাকে সমৃদ্ধ করবে মানবতাকে প্রশান্ড়ি ও সমৃদ্ধি দিতে কার্যকর ভুমিকা পালন করবে।

21st century advances and the global population rises, competition for water, energy and natural resources will cut across policy agendas, from trade and investment to agriculture, infrastructure and defense. Climate change, biodiversity loss, and ecosystem mismanagement reflect cumulative governance failures and act as a threat multiplier to economic and social sustainability. Citizens across developed, developing, and least-developed countries will find it increasingly difficult to rely on governments or insurance companies as systemic vulnerabilities escalate.  In areas worst-affected by drought, flooding, declining crop yields, and health threats, "climate migrants" will leave their homes and land.

Predictions of climate-induced displacement are shocking – 200 million people by 2050.  Since 1990, when the UN Intergovernmental Panel on Climate Change (IPCC) suggested that large-scale migrations might represent the "greatest single impact" on world security, scientists have scaled up their predictions and highlighted the risks associated with slow-onset disasters (such as sea level rise, droughts, and environmental degradation) and rapid-onset disasters (such as earthquakes, fires, and hurricanes). In 2014, the IPCC has acknowledged the multitude of climatic and non-climatic drivers of migration but says that there is no question that "human security will be progressively threatened as the climate changes."

**Aimed at better earth for next generation sasrai Presentation Photo link**

- **https://www.facebook.com/media/set/?set=a.848050871884011.1073741848.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.830175090338256.1073741846.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.843338735688558.1073741847.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.829382070417558.1073741845.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.828603197162112.1073741844.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.828031113885987.1073741843.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.1069866136364239.1073741825.237343882949806&type=1**
- **https://www.facebook.com/fgaleeb/media_set?set=a.1493108780944998.1073741851.100007376703347&type=3**
- **https://www.facebook.com/media/set/?set=a.824589857563446.1073741839.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.776013969087702.1073741830.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.776012272421205.1073741829.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=oa.10152959262312402&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=oa.10152959277217402&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.827888173900281.1073741840.410048385684264&type=1**
- **https://www.facebook.com/media/set/?set=a.827890470566718.1073741841.410048385684264&type=1**


48/A 2nd Floor, Joynagar first Lane, Chawkbazar, Chittagong, Bangladesh
Phone: +8801553748354, 0312855382
Email: fgaleeb@yahoo.com, fgaleeb@gmail.com

sasrai

Sustainable augmentation, Solicited restraint, animated integrity

বাসযোগ্য বিশ্বের জন্য একটুকু বাঁচাই, আগলে রাখি, জাগিয়ে তুলি, সংরক্ষণ করি

aimed at sustainable living, environmental justice, habitable earth

**Ref:..........................** **Date: 07. 02. 2015**

**48/A 2nd Floor, Joynagar first Lane, Chawkbazar, Chittagong, Bangladesh**
**Phone: +8801553748354, 0312855382**
**Email: fgaleeb@yahoo.com, fgaleeb@gmail.com**

save a bit, reserve, preserve, rejuvenate and conserve resources

work locally-serve globally, initiative local-outcome global